

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
আলীকদম, বান্দরবান পার্বত্য জেলা
তথ্য বাতায়ন- alikadam.bandarban.gov.bd

উপজেলা ইনোভেশন টিমের সদস্যদের নিয়ে আগস্ট/২০২২ মাসে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণীঃ


সভাপতিঃ	মেহরুবা ইসলাম উপজেলা নির্বাহী অফিসার ও ইনোভেশন অফিসার, উপজেলা ইনোভেশন টিম, আলীকদম, বান্দরবান
সভার স্থানঃ	উপজেলা পরিষদ সভাকক্ষ
সভার তারিখঃ	২৯ আগস্ট, ২০২২ খ্রি.
সময়ঃ	সকাল ০৯:৩০ ঘটিকা

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার নিম্নরূপ আলোচনা ও সর্বসম্মতিক্রমে সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
ইনোভেশন টিমের কার্যক্রম সংক্রান্তঃ নাগরিক সেবা সহজীকরণে বিভিন্ন উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ এবং গৃহীত উদ্ভাবনী উদ্যোগসমূহ বাস্তবায়নের উপর আলোচনা করা হয়। নাগরিক সেবা সহজীকরণের জন্য বিদ্যমান ব্যবস্থার সংস্কার সাধন এবং যার যার অবস্থান থেকে নিজস্ব স্বকীয়তায় জনগণের সেবা প্রাপ্তি সহজ করার উপায় নির্ণয় করার উপর গুরুত্বারোপ করা হয়। ইনোভেশন টিমের কার্যপরিধি বৃদ্ধিসহ কার্যালয়ের সকল সেবাকে ই-সেবায় রূপান্তর করে চিঠিপত্র, ডকুমেন্ট ইত্যাদি ইলেক্ট্রনিক পদ্ধতিতে আদান প্রদানের মাধ্যমে কাজের গতিশীলতা বৃদ্ধি অব্যাহত রাখার উপর গুরুত্বারোপ করা হয় এবং সকল দপ্তরের সাথে আলোচনাক্রমে কতিপয় ইনোভেটিভ সিদ্ধান্ত গৃহীত হয়।	ক) উপজেলা পরিষদ প্রাঙ্গণে বছরে দুইবার বিজ্ঞান মেলা আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়। খ) প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের নিয়ে সাধারণ জ্ঞান বিষয়ক এবং মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের নিয়ে বিজ্ঞান বিষয়ক ইন্টার স্কুল কুইজ প্রতিযোগিতা আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়। গ) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের নিয়ে নিয়মিত বিতর্ক প্রতিযোগিতা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। ঘ) বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের নিয়মিতভাবে উপজেলায় স্থাপিত গণ পাঠাগার পরিদর্শনে আনার সিদ্ধান্ত গৃহীত হয়। ঙ) স্ব স্ব বিভাগ/দপ্তরের উদ্ভাবনী উদ্যোগসমূহ উপজেলা ইনোভেশন কমিটিতে উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট অফিস প্রধানদের প্রতি অনুরোধ জানানো হয়।	দপ্তর প্রধান, সংশ্লিষ্ট সকল অফিস, আলীকদম, বান্দরবান পার্বত্য জেলা

৩

সভায় উপস্থিত সকলের আন্তরিক সহযোগিতা কামনা করে এবং সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



মেহরুবা ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার

ও

ইনোভেশন অফিসার, উপজেলা ইনোভেশন টিম
আলীকদম, বান্দরবান পার্বত্য জেলা
মোবাইলঃ ০১৭০৮৩৯৯০০৮
Email: unoalikadam@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৪২.০৩০৪.০০০.১১.০৩২.২২- ৯৫৫ (৫)

তারিখঃ ০৬ আশ্বিন ১৪২৯
২১ সেপ্টেম্বর ২০২২

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জেলা প্রশাসক, বান্দরবান পার্বত্য জেলা
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আলীকদম, বান্দরবান পার্বত্য জেলা
- ৪। (সংশ্লিষ্ট সকল), আলীকদম, বান্দরবান পার্বত্য জেলা
- ৫। অফিস কপি



মেহরুবা ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
আলীকদম, বান্দরবান পার্বত্য জেলা